তারিখ 22 AUG 2016
পৃষ্ঠা ৪ কলাম ৬

দৈনিক ইত্তেফাক



# ড. রাশিদ আসকারী ইবির নতুন ভিসি

■ ইবি (কুষ্টিয়া) সংবাদদাতা

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ১২তম ভিসি হিসেবে নিয়োগ পেয়েছেন প্রফেসর ড. রাশিদ আসকারী। একই সাথে আইন বিভাগের প্রফেসর ড. সেলিম তোহা ট্রেজারার হিসেবে নিয়োগ পেয়েছেন। রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর আব্দুল হামিদ তাদের আগামী চার বছরের জন্য নিয়োগ দিয়েছেন। গতকাল রবিবার শিক্ষা মন্ত্রাণলয়ের এক ফ্যাক্স বার্তার মাধ্যমে এই নিয়োগ দেয়া হয়েছে বলে রেজিস্ট্রার এস এম আব্দুল লতিফ নিশ্চিত করেছেন। প্রফেসর ড. রাশিদ আসকারী ১৯৯০ সালের ৩১ জুলাই ইসলামী বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগে প্রভাষক পদে যোগদান করেন। পরে ২০০৫ সালে তিনি প্রফেসর হিসেবে পদোন্নতি পান। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজী সাহিত্যে অনার্স-মাষ্টার্স করেন। পরে ভারতের পুনা বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রী অর্জন করেন।